

অদ্য ২৩/০৪/২০২৬ইং তারিখে মহামান্য হাইকোর্টের নির্দেশে রিহাব সচিবালয়ে আপিল বোর্ডের শুনানি অনুষ্ঠিত হয়। উক্ত শুনানিতে নিম্নলিখিত ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।


- ১। জনাব এডভোকেট নিহার হোসেন ফারুক, চেয়ারম্যান, নির্বাচন আপিল বোর্ড (২০২৬-২০২৮)
- ২। জনাব আতিকুর রহমান, সদস্য-২, নির্বাচন আপিল বোর্ড (২০২৬-২০২৮)
- ৩। জনাব আজহারুল ইসলাম কনক, সচিব, নির্বাচন বোর্ড ও আপিল বোর্ড (২০২৬-২০২৮)
- ৪। জনাব নুর উদ্দিন আহাম্মদ, ভোটার নং- ০৪৬
- ৫। জনাব মোহাম্মদ মোরশেদুল হাসান, ভোটার নং- ০৫৯

মহামান্য হাই কোর্টের বিগত ১৩/০৪/২০২৬ইং তারিখের রীট পিটিশন নং- ৩৭৬৩/২৬ এর নির্দেশ মোতাবেক নুর উদ্দিন আহাম্মদ এর আনিত দরখাস্তটি নিষ্পত্তির জন্য অদ্য ২৩/০৪/২০২৬ইং তারিখে আপিল বোর্ড একটি শুনানি করেন। শুনানিতে জনাব নুর উদ্দিন আহাম্মদ এর বক্তব্য অনুযায়ী জনাব মোহাম্মদ মোরশেদুল হাসান এর বিরুদ্ধে আনিত অভিযোগ বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এর ধারা-১৮(৪) ও (৫) এর মতে তিনি পরপর দুইবার নির্বাচন করেছেন। রিহাব ২০২৬-২০২৮ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না। অপর পক্ষ জনাব মোহাম্মদ মোরশেদুল হাসান এর বক্তব্য তিনি একবার রিজিонаল কমিটি সদস্য ছিলেন এবং একবার পরিচালক পদে ছিলেন। যা বাণিজ্য সংগঠনের বিধি অনুযায়ী মানা হচ্ছে।


উভয় পক্ষের বিস্তারিত বক্তব্য শোনার পর এবং সমস্ত প্রমানাদি যাচাই-বাছাই করিয়া আপিল বোর্ড নিম্নলিখিত সিদ্ধান্ত ও রায় প্রদান করেন।

সিদ্ধান্ত ও রায় :

- বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এর ধারা-১৮(৪) ও (৫) অনুযায়ী জনাব মোহাম্মদ মোরশেদুল হাসান রিহাব নির্বাচন (২০২৬-২০২৮) এ পরিচালক পদে নির্বাচন করতে পারবেন। উল্লেখ্য ইতিপূর্বে তিনি চট্টগ্রাম রিজিওনাল কমিটিতে সদস্য হিসেবে ছিলেন। সুতরাং তার পরিচালক পদে নির্বাচন করতে কোন বাধা নেই।

  
এডভোকেট মোঃ নিহার হোসেন ফারুক  
এডভোকেট মোঃ নিহার হোসেন ফারুক  
চেয়ারম্যান  
রিহাব নির্বাচন আপিল বোর্ড (২০২৬-২০২৮)

এডভোকেট এলতুতমিস এ্যানি  
সদস্য-১  
রিহাব নির্বাচন আপিল বোর্ড

  
আতিকুর রহমান চৌধুরী  
সদস্য-২  
রিহাব নির্বাচন আপিল বোর্ড (২০২৬-২০২৮)

